6/10/2001

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ০২ কলাম ... ৪ ...

ভোরের কাগজ

# মুহূর্তের মধ্যেই দখল হয়ে গেলো বাকৃবির দশটি হল

## বঙ্গবন্ধুর ছবি নামানো ও হলের সাইনবোর্ড ভাঙচুর

দীন মোহাম্মদ দীনু, বাকৃবি থেকে : দেশের নিশ্চিত রাজনৈতিক পট পরিবর্তনের ইঙ্গিতে মুহূর্তের মধ্যেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চেহারা একেবারেই পাল্টে গেছে। গতকাল মঙ্গলবার সকালে বিএনপির নেতৃত্বে চারদলীয় জোটের জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক বিজয় স্পস্ট হওয়ার মুহূর্তেই সম্পূর্ণ অরক্ষিত কৃষি ক্যাম্পাস দীর্ঘ পাঁচ বছর পর আবার দখল করে নিলো জাতীয়তাবাদী ছাত্রদল। দশটি আবাসিক হলই এখন ছাত্রদলের করায়ত্তে। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হলো দশ দশটি হল দখল করার জন্য ছাত্রদলকে ক্যাম্পাসে একটি গুলি কিংবা পটকা ফাটাতে হয়নি। গত পাঁচ বছর থাকা ছাত্রলীগ কর্মীরা সুযোগ বুঝেই সটকে পড়ে গভীর রাতেই। ছাত্রদল কর্মীবাহিনী হলে হলে চিরুনী অভিযান চালিয়েও খুঁজে পায়নি তাদেরকে।

সকাল ৮টায় ধানের শীষের বিজয় সুনিশ্চিত জেনে ছাত্রদল সভাপতি খালিদ, সাবেক সভাপতি হাসু, বাকসু সাবেক নেতা রফিকের নেতৃত্বে এক আনন্দ মিছিল ক্যাম্পাসে বের হয়। ছাত্রদলকর্মীদের পাঁচ বছরের চাপা ক্ষোভ প্রকাশ্যে রূপ নেওয়ায় মুহূর্তের মধ্যে তা জঙ্গি মিছিলে পরিণত হয়। মিছিলকারীরা এ সময় নির্মাণাধীন শেখ ফজিলাতুন্নেসা হলের সাইনবোর্ড ভাঙচুর করে। ইতিমধ্যে হলগুলো থেকে নামিয়ে ফেলা হয়েছে বঙ্গবন্ধুর ছবি, হলে হলে ছাত্রলীগের এতদিনের দেয়ালে সাঁটা পোস্টার তুলে পুড়িয়ে দিয়েছে ক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা।

শহীদ শামসুল হক হলের গেস্ট রুমে আনন্দ উল্লাসের মধ্য দিয়ে মিষ্টি বিতরণ করা হয়। এ সময় ছাত্রদল সভাপতি এস এম খালিদ বলেন, আজকের বিজয় ভাষায় প্রকাশের নয়, বিগত পাঁচ বছর ছাত্রলীগের সন্ত্রাসীরা কৃষি বিশ্বদ্যিালয় যে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে আমরা তাদের অনুসরণ করবো না। সন্ত্রাসমুক্ত রাখতে চেষ্টা করবো এই ক্যাম্পাসকে।